

বাজেটে শিক্ষক কর্মচারীদের বেতন দশ শতাংশ বাড়ানোর দাবি

স্টাফ রিপোর্টার। আসন্ন বাজেটে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের শতকরা ১০ ভাগ বেতন বৃদ্ধির ঘোষণা দাবি করেছে বিভিন্ন শিক্ষক সংগঠন। এসব সংগঠনের নেতৃবৃন্দ বলেছেন, বিগত ছয় বছরে মূল্যস্ফীতিতে বেতনের শতকরা ২০ ভাগ হারিয়ে যাওয়ায় শিক্ষকরা পরিবার-পরিজন নিয়ে চরম আর্থিক কষ্টে দিন কাটাচ্ছেন। এখন যেখানে ৩০ ভাগ বেতন বাড়ানো প্রয়োজন সেখানে নির্বাচনী ওয়াদা অনুযায়ী সরকার ১০ ভাগ না বাড়ালে শিক্ষক-কর্মচারীদের রাজপথে ন্যূমতে হবে বলে তারা উল্লেখ করেন।

বেসরকারী শিক্ষক-কর্মচারীদের শতকরা ১০ ভাগ বেতন আসন্ন বাজেটে বাড়ানো সম্ভব হবে না বলে জাতীয় সংসদে দেয়া শিক্ষামন্ত্রীর বক্তব্যে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গভীর ক্ষোভ ও উবেগ প্রকাশ করেছে। সমিতির সভাপতি ড. ম আবতালক্বামান এবং সাধারণ সম্পাদক প্রফেসর এমএ বারী রবিবার এক বিবৃতিতে বলেন, ২০০১ সালের জাতীয় নির্বাচনে চারদলীয় জোট সরকারের নির্বাচনী ওয়াদা ছিল ১০ ভাগ বেতন বাড়ানো হবে। অঞ্চ গত বাজেটের মতো এবারও সরকার এই ওয়াদা পূরণ করবে না বলে শিক্ষামন্ত্রীর কথায় আভাস পাওয়া গেছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ এবং সেক্রেটারি জেনারেল কাজী ফারুক আহমেদ এক বিবৃতিতে শতকরা ১০ ভাগ বর্ধিত বেতন, ৩০ ভাগ মহামু্যভাতাসহ ফেডারেশনের ২১ দফা পূরণ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। তারা 'জেলা উপজেলা শিক্ষা কমিটি' গঠনকে শিক্ষকদের জন্য মর্ধ্যাদাহানিকর বলে উল্লেখ করে তা বাতিলেরও দাবি জানান।